মট্‌স
মিরপুর এগ্রিকালচারাল ওয়ার্কশপ এন্ড ট্রেনিং স্কুল
(কারিতাস বাংলাদেশের একটি ট্রাস্ট)

MAWTS
Mirpur Agricultural Workshop & Training School
(A Trust of Caritas Bangladesh)

■ INSTITUTE OF TECHNOLOGY ■ ENGINEERING & TECHNOLOGICAL SERVICES

Ref No : ডিআইআর/২০২৬-২০২৭/৬৭১ Date : ১৫.১১.২০২৬ খ্রি.

পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

মট্‌স'র প্রশিক্ষণ ও শিক্ষা বিভাগের অধীনে **রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন এবং ইলেকট্রিক্যাল টেকনোলজি মডুলার শর্ট কোর্সে'র** জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে নিয়োগ ও প্যানেল তৈরীর লক্ষ্যে যোগ্য প্রার্থীর (পুরুষ/নারী) নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে। নিম্নে পদের নাম, পদ সংখ্যা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, দক্ষতা ও অন্যান্য শর্তাবলী প্রদত্ত হলো:

পদের নাম ও বিবরণ	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(ক) সহকারী প্রশিক্ষক, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন - ০১ জন (খ) সহকারী প্রশিক্ষক, ইলেকট্রিক্যাল - ০১ জন বয়স: ২৩-৩৫ বছর (১৫/১১/২০২৬ খ্রি. অনুযায়ী) বেতন: সর্বসাকুল্যে ১৬,০০০/- (ষোল হাজার টাকা) কাজের ধরন: চুক্তি ভিত্তিক। নিয়োগের মেয়াদকাল: প্রাথমিকভাবে নিয়োগের মেয়াদকাল ১ বছর, পরবর্তীতে সংস্থার প্রয়োজনে এবং কর্মদক্ষতা ও অন্যান্য আবশ্যকীয় গুণাবলী ও যোগ্যতা মূল্যায়ন সাপেক্ষে সংস্থার নীতিমালা অনুযায়ী চুক্তি নবায়ন করা যেতে পারে। কর্মস্থল: মট্‌স, মিরপুর-১২, ঢাকা-১২১৬।	• সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/বিএসসি-ইঞ্জিনিয়ারিং পাশ। • বিষয় ভিত্তিক প্রশিক্ষণ কাজে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। • কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। • অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং বেতন আলোচনা সাপেক্ষ।

আবেদন ও পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলীঃ

০১. আবেদনকারী নিম্নলিখিত ছক অনুসারে জীবন-বৃত্তান্ত উল্লেখ পূর্বক সাদা কাগজে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করতে হবে। (ক) প্রার্থীর নাম (খ) পিতা/ স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) জন্ম তারিখ, বয়স, ধর্ম ও জাতীয়তা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান/ যোগাযোগ এর ঠিকানা মোবাইল নম্বর ও ইমেইলসহ (ছ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) (জ) দু'জন পরিচয় প্রদানকারী (Reference) হিসেবে বর্তমান ও পূর্বের নিয়োগকর্তা/সুপারভাইজার/অনাত্মীয়ের নাম, পূর্ণ ঠিকানা, মোবাইল নম্বর, ইমেইল ঠিকানা এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদনপত্র জমা দিতে হবে।

০২. আবেদনকারীর বয়স: প্রার্থীর বয়স ২৩-৩৫ হতে হবে। অভিজ্ঞদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। আগ্রহী প্রার্থীকে অবশ্যই সৎ, কর্মঠ এবং সেবামূলক কাজে উদ্যোগী হতে হবে।

০৩. আবেদনপত্রের সাথে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদ/ ফটোকপিসমূহ ও সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি জমা দিতে হবে।

০৪. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্র সংযোজন করে আবেদন করতে হবে।

০৫. প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগাযোগ করা হবে। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

০৬. নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে মট্‌স'র সকল ধরনের নীতিমালা অনুসরণ করতে হবে।

০৭. প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, মূল জাতীয় পরিচয় পত্র ও অভিজ্ঞতার প্রমাণসহ ইন্টারভিউর সময়ে মট্‌স অফিসে প্রদর্শন করতে হবে।

০৮. ব্যক্তিগত যোগাযোগকারী বা কারো মাধ্যমে সুপারিশকৃত প্রার্থীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন।

০৯. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১০. এই নিয়োগ বিজ্ঞপ্তি কোন কারণ দর্শানো ব্যতীত পরিবর্তন, স্থগিত বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১. অসত্য/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

মট্‌স
মিরপুর এগ্রিকালচারাল ওয়ার্কশপ এন্ড ট্রেনিং স্কুল
(কারিতাস বাংলাদেশের একটি ট্রাস্ট)

MAWTS
Mirpur Agricultural Workshop & Training School
(A Trust of Caritas Bangladesh)

১৯৭৩ ২০২৩ কারিগরি সেবার ৫০ বছর

■ INSTITUTE OF TECHNOLOGY ■ ENGINEERING & TECHNOLOGICAL SERVICES

Ref No : Date :

১২. আবেদেনপত্র আগামী ২৬/১১/২০২৬ খ্রিস্টাব্দ (বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে)- এর মধ্যে সরাসরি ও ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পরিচালক, মট্‌স, ১/সি - ১/এ, পল্লবী, মিরপুর (পল্লবী মেট্রো স্টেশনের পশ্চিম পাশে) এই ঠিকানায় প্রেরণ করতে হবে। পদের নাম খামের উপর স্পষ্ট করে লিখতে হবে। ইমেইলে সিভি পাঠানো হলে অবশ্যই পদের নাম উল্লেখ করে আবেদন করতে হবে। অসম্পূর্ণ সিভি কোন ভাবেই গ্রহণ করা হবে না।

১৩. আবেদনকারীকে মট্‌স এর ওয়েব সাইট (**www.mawts.org** অথবা **facebook.com/mawts**) হতে প্রতিষ্ঠান সম্পর্কে বিস্তারিত জানার জন্য অনুরোধ করা হচ্ছে।

পরিচালক
মট্‌স
১/সি - ১/এ পল্লবী, মিরপুর-১২, ঢাকা- ১২১৬।
(পল্লবী মেট্রোরেল এর পশ্চিম সাইডে, পিলার নম্বর - ১৮২)

কারিতাস বাংলাদেশ'র ট্রাস্ট হিসেবে মট্‌স সকল ব্যক্তির মর্যাদা এবং অধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ বিশেষভাবে, বিপদাপন্ন জনগোষ্ঠির মর্যাদা ও অধিকারকে স্বীকৃতি প্রদানে সর্বদা দায়বদ্ধ থাকতে সচেষ্ট। মট্‌স বিভিন্ন কার্যক্রমে সকল প্রশিক্ষণে অংশগ্রহণকারী, শিশু, যুবা ও প্রাপ্ত বয়স্ক বিপদাপন্ন ব্যক্তিগণের সুরক্ষার বিষয়টিকে অগ্রাধিকার দিয়েই বিভিন্ন কর্মসূচি ও কার্যক্রম পরিচালনা করতে বদ্ধপরিকর। মট্‌স'র কোন কর্মী, প্রতিনিধি, অংশীদারীদের দ্বারা শিশু ও প্রাপ্ত বয়স্ক বিপদাপন্ন ব্যক্তিগণের যেকোন ধরনের ক্ষতি, যৌন, নির্যাতন যৌন হয়রানি যৌন নিপীড়ন ও শোষণমূলক কর্মকান্ড সংঘঠিত হলে তা মট্‌স শূণ্য সহনশীলতা (Zero tolerance) নীতিমালায় বর্ণিত শাস্তির আওতাভুক্ত।

"কারিতাস বাংলাদেশ'র ট্রাস্ট হিসেবে মট্‌স সম-সুযোগ প্রদানে বিশ্বাসী"